**Consumer and Worker Protection**

**উপভোক্তা এবং কর্মী সুরক্ষা বিভাগ (DEPARTMENT OF CONSUMER AND WORKER PROTECTION, DCWP) লাইসেন্সিং কেন্দ্র**
42 Broadway, Lobby
New York, NY 10004

**কেবলমাত্র নিম্নলিখিত সময়ে অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে:**

সোমবার-বৃহস্পতিবার: সকাল 8টা – বিকেল 4টে
অ্যাপয়েন্টমেন্টের শেষ সময়: বিকেল 3:30-এ

**NYC ক্ষুদ্র ব্যবসা সহায়তা কেন্দ্র**
90-27 Sutphin Blvd, 4th Floor
Jamaica, NY 11435

**কেবলমাত্র নিম্নলিখিত সময়ে অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে:**

সোমবার-বৃহস্পতিবার: সকাল 8টা – বিকেল 4টে
অ্যাপয়েন্টমেন্টের শেষ সময়: বিকেল 3:30-এ

**ব্যক্তিগত পরিষেবা শুধুমাত্র অ্যাপয়েন্টমেন্ট দ্বারা**

DCWP লাইসেন্সিং সেন্টার এবং NYC ক্ষুদ্র ব্যবসা সহায়তা কেন্দ্রতে ব্যক্তিগতভাবে আপনার লাইসেন্সের আবেদন জমা দেওয়ার জন্য আপনাকে অবশ্যই একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে হবে। আবেদন **জমা দেওয়ার প্রক্রিয়া বিভাগটি** দেখুন।

*দ্রষ্টব্য:* সশরীরে প্রাপ্য পরিষেবা যেহেতু সীমিত, তাই আমরা আপনাকে আমাদের অনলাইন পরিষেবা ব্যবহার করার জন্য উৎসাহ দিচ্ছি। পরিষেবাটি **nyc.gov/BusinessToolbox**–তে 24/7 উপলভ্য।

# হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টর লাইসেন্স আবেদনের চেকলিস্ট

## কার হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টর লাইসেন্স অবশ্যই থাকতে হবে?

নিউ ইয়র্ক সিটির কোন বাসস্থানে বা বিল্ডিং-এ নির্মাণ, মেরামত, রিমডেলিং, বা অন্যান্য বাড়ির উন্নয়নের কাজ করতে একজন ব্যক্তি বা ব্যবসার একটি হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টর লাইসেন্স অবশ্যই থাকতে হবে। অন্যান্য বাড়ির উন্নয়নের কাজের অন্তর্ভুক্ত হল, তবে এতেই সীমিত নয়, নির্মাণ, প্রতিস্থাপন, বা বেসমেন্ট, ড্রাইভওয়ে, ফেন্স, গ্যারাজ, ল্যান্ডস্কেপিং, প্যাটিও, পোর্স, সাইডওয়াক, সুইমিং পুল, ছাদের উন্নয়ন, এবং কাঠামো বা বাড়ি বা অ্যাপার্টমেন্ট বিল্ডিং-এর পাশে থাকা জমির ওপরে অন্যান্য উন্নয়ন।

এই বর্ণনাটি হল কার অবশ্যই হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টর লাইসেন্স থাকতে হবে তার শুধুমাত্র একটি সাধারণ ব্যাখ্যা।

## একটি হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টর লাইসেন্সের আবেদন করার জন্য প্রয়োজনীয়তার ক্যুইক লিস্ট

*বিস্তারিত বর্ণনার জন্য প্রয়োজনীয়তা বিভাগটি দেখুন। নিশ্চিত করুন যে আপনি সব প্রয়োজনীয়তাগুলি মিটিয়েছেন; নয়ত, আপনার আবেদন অসম্পূর্ণ থাকবে। লাইসেন্স ইস্যু করার জন্য DCWP কেবলমাত্র সম্পূর্ণ আবেদন গ্রহণ করতে পারে।*

- ☐ সাধারণ লাইসেন্সের আবেদন
- ☐ সেলস ট্যাক্স পরিচয়পত্র নম্বর অথবা অ্যাপ্লিকেশন কনফার্মেশন নম্বর
- ☐ ব্যবসার ঠিকানার প্রমাণ
- ☐ বাড়ির ঠিকানার প্রমাণ
- ☐ কর্মীর ক্ষতিপূরণ বিমার তথ্য
- ☐ নিরাপদ লীড অনুশীলন এবং/অথবা স্বাক্ষরিত নিশ্চিতকরণ সম্পর্কীয় ইউএস পরিবেশগত সুরক্ষা এজেন্সি (Environmental Protection Agency, EPA) শংসায়নের প্রমাণ
- ☐ DCWP ট্রাস্ট ফান্ড এনরোলমেন্ট ($200 ফি) অথবা $20,000-এর সিয়োরটি বন্ডের কপি (বা থার্ড পার্টি বন্ড), সঠিকভাবে স্বাক্ষরিত

- ☐ কন্ট্র্যাকচুয়াল কমপ্লায়েন্স এগ্রিমেন্ট (Contractual Compliance Agreement)
- ☐ বাড়ির উন্নয়ন বিষয়ক পরীক্ষা এবং $50 পরীক্ষার মূল্য
- ☐ আঙুলের ছাপ এবং প্রক্রিয়াকরণ ফি
- ☐ কাজ করার ক্ষমতাপ্রদানের বিবৃতি (Granting Authority to Act Affirmation) (*প্রযোজ্য হলে তবে*)
- ☐ লাইসেন্স মূল্য

*আপনার আবেদন জমা করার মাধ্যমে আপনার লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে অনুমোদিত হয় না।*

## আপনার যে অতিরিক্ত সিটি বা স্টেট পারমিট/লাইসেন্স/ক্লিয়ারেন্স প্রয়োজন হতে পারে

সাইডওয়াকের কাজের জন্য নিউ ইয়র্ক সিটি পরিবহন বিভাগ (Department of Transportation, DOT)-এর পারমিট প্রয়োজন। 311-তে ফোন করুন বা nyc.gov/dot-এ যান।

অনেক হোম ইমপ্রুভমেন্টের নিউ ইয়র্ক সিটি বিল্ডিং বিভাগ (Department of Buildings, DOB)-এর পারমিট দরকার। একটি বাড়ি বা বিল্ডিং বানানো, তোলা, ওঠানো, বা সরানোর কাজে DOB-র একটি বিশেষ পরিদর্শনের দরকার। 311-তে ফোন করুন বা www.nyc.gov/buildings-এ যান।

আপনি আপনার ব্যবসার কাজের থেকে উৎপন্ন আবর্জনা সরাতে বা অন্য স্থানে পাঠাতে চান, তবে আপনাকে অবশ্যই নিউ ইয়র্ক সিটি বিজনেস ইন্টিগ্রিটি কমিশন (Business Integrity Commission)-এর থেকে একটি ক্লাস ওয়ান সেলফ হোওলার রেজিস্ট্রেশন পেতে হবে। একটি আবেদন পেতে এবং আরও তথ্য জানতে 311-তে ফোন করুন বা www.nyc.gov/bic-এ যান।

এটি সম্পূর্ণ তালিকা নয়। অতিরিক্ত সংস্থানসমূহ বিভাগটি দেখুন।

## আবেদন জমা দেওয়ার প্রক্রিয়া



অনলাইনে আপনার আবেদন জমা দিতে www.nyc.gov/BusinessToolbox-এ যান।

অথবা



DCWP লাইসেন্সিং কেন্দ্রে অথবা NYC ক্ষুদ্র ব্যবসা সহায়তা কেন্দ্রে সশরীরে জমা দিতে একটি অ্যাপয়েন্টমেন্ট ঠিক করুন (1 নং পৃষ্ঠাতে ঠিকানা দেওয়া আছে)।

**ইমেলের মাধ্যমে:** LicensingAppointments@dcwp.nyc.gov
**ফোনের মাধ্যমে***: (212) 436-0441 নম্বরে ফোন করুন। (সোমবার – শুক্রবার, সকাল 8টা – বিকেল 4টে)

*এই নম্বরটি কেবলমাত্র সশরীরে পরিষেবা পাওয়ার অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করার জন্য। সাধারণ প্রশ্নের জন্য onlineappsdocs@dcwp.nyc.gov–এ ইমেল করুন।

*ওই স্থানে বিনামূল্যে ব্যাখ্যার পরিষেবা উপলভ্য রয়েছে।* একটি বিকলাঙ্গতা-সম্পর্কিত বাসস্থানের অনুরোধের জন্য অনুগ্রহ করে DCWP-এর প্রতিবন্ধী আমেরিকান আইন (Americans with Disabilities Act, ADA)সমন্বয়কারীকে **DCWPADACoordinator@dcwp.nyc.gov**–এ ইমেল করুন অথবা **nyc.gov/dcwp** দেখুন এবং "আবাসন (accommodations)" অনুসন্ধান করুন।

## ব্যবসায়িক সার্টিফিকেট (Business Certificate)-এর সম্পর্কে গুরুত্বপূর্ণ বার্তা

আপনার ব্যবসার আইনি কাঠামো অনুযায়ী আপনার প্রযোজ্য ব্যবসায়িক সার্টিফিকেট অবশ্যই থাকতে হবে। আপনার আবেদন প্রক্রিয়াকরণের জন্য যদিও DCWP-এর কাছে আপনার ব্যবসায়িক সার্টিফিকেট জমা দেওয়ার দরকার নেই, DCWP নিউ ইয়র্ক সিটি প্রশাসনিক বিধি (Administrative Code)-র 20-104 ধারা অনুসারে এই নথির জন্য অনুরোধ করতে পারে।

আপনার নিজের ছাড়া অন্যান্য একক মালিক যাঁরা একটি নামের অধীনে কার্য পরিচালনা করছেন তাঁদের অবশ্যই একটি ব্যবসায়িক/গৃহীত নামের সার্টিফিকেট থাকতে হবে।

আপনার ব্যবসার ক্ষেত্রে, পার্টনারশিপের জন্য একটি পার্টনারশিপ সার্টিফিকেট থাকতে হবে এবং, প্রযোজ্য হলে, গৃহীত নামের সার্টিফিকেট থাকতে হবে।

কর্পোরেশন, লিমিটেড পার্টনারশিপ, লিমিটেড লায়াবিলিটি কোম্পানি, অথবা লিমিটেড লায়াবিলিটি পার্টনারশিপকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেট কর্পোরেশন বিভাগ (Division of Corporations)-এর কাছে রেজিস্টার করতে হবে এবং সক্রিয় থাকতে হবে। আপনার অবস্থান www.dos.ny.gov/corps–এ দেখতে পারেন।

## প্রয়োজনীয়তা

**আপনি এই প্রয়োজনীয় নথিপত্র এবং তথ্য জমা না করলে DCWP আপনার আবেদন খারিজ করে দেবে:**

- **সাধারণ লাইসেন্সের আবেদন** (সংযুক্ত)।

- **সেলস ট্যাক্স পরিচয়পত্র নম্বর অথবা অ্যাপ্লিকেশন কনফার্মেশন নম্বর।**
  সেলস ট্যাক্স সংগ্রহ করতে কর্তৃপক্ষের সার্টিফিকেটের জন্য আবেদন করতে, www.businessexpress.ny.gov দেখুন।

- **ব্যবসার ঠিকানার প্রমাণ।**
  হয় ব্যবসার নামে নয়ত লাইসেন্সের আবেদনে তালিকাভুক্ত একজন ব্যক্তির নামে নিম্নলিখিত নথিগুলির যে কোন একটির কপি জমা করুন:

  - গত 90 দিনের মধ্যে পাওয়া উইটিলিটি বিল (অর্থাৎ, টেলিফোন, গ্যাস, ইলেক্ট্রিক, কেবিল, অথবা জল) অথবা
  - বর্তমান পাট্টা বা দলিল অথবা
  - বর্তমান ভাড়া বা বন্ধকের বিল অথবা
  - বিমার নথি বা বিমার বিল যাতে আপনার ব্যবসার ঠিকানা রয়েছে অথবা
  - কোন সরকারি সংস্থার থেকে করেসপন্ডেন্স যাতে আপনার ব্যবসার ঠিকানা রয়েছে অথবা
  - একটি সিটি/স্টেট/ফেডেরাল সরকারি সংস্থা প্রদত্ত বর্তমান (সক্রিয়) লাইসেন্স বা পারমিট বা সার্টিফিকেট যাতে আপনার ব্যবসার ঠিকানা রয়েছে

- **বাড়ির ঠিকানার প্রমাণ।**
  লাইসেন্সের আবেদনে তালিকাভুক্ত সকল ব্যক্তিকে অবশ্যই তাঁর নামে থাকা নিম্নলিখিত নথিগুলির মধ্যে যে কোন একটির কপি দিতে হবে:

  - গত 90 দিনের মধ্যে পাওয়া উইটিলিটি বিল (অর্থাৎ, টেলিফোন, গ্যাস, ইলেক্ট্রিক, কেবিল, অথবা জল) অথবা
  - কোন সরকারি সংস্থার থেকে করেসপন্ডেন্স যাতে আপনার বাড়ির ঠিকানা রয়েছে অথবা

- ○ বর্তমান পাট্টা বা দলিল অথবা
- ○ বিমার নথি বা বিমার বিল যাতে আপনার বাড়ির ঠিকানা রয়েছে অথবা
- ○ একটি সিটি/স্টেট/ফেডেরাল সরকারি সংস্থা প্রদত্ত বর্তমান (সক্রিয়) লাইসেন্স বা পারমিট বা সার্টিফিকেট যাতে আপনার বাড়ির ঠিকানা রয়েছে অথবা
- ○ কলেজ বা স্কুল করেসপন্ডেন্স যাতে বাড়ির ঠিকানা রয়েছে অথবা
- ○ বর্তমান ভাড়া বা বন্ধকের বিল অথবা
- ○ ড্রাইভারের লাইসেন্স অথবা
- ○ মিউনিসিপাল ID কার্ড

*একজন ব্যক্তি যিনি অন্য ব্যক্তির ঠিকানায় থাকেন, তাঁরা দেবেন:*

- ○ পাট্টার মালিক বা বাড়ির মালিকের নামে বাড়ির ঠিকানার একটি প্রমাণ (উপরে দেখুন) এবং
- ○ বাড়ির মালিক বা পাট্টার মালিকের স্বাক্ষরিত চিঠি যাতে উল্লেখ করা থাকবে যে ব্যক্তিটি এই ঠিকানায় থাকেন

- **কর্মীদের ক্ষতিপূরণ বিমার তথ্য**
  কর্মীদের ক্ষতিপূরণ বিমার তথ্যের প্রমাণ হিসাবে নিম্নলিখিত নথিগুলির যে কোন একটির কপি দিন:

  - ○ একটি প্রাইভেটি বিমা বাহক বা নিউ ইয়র্ক স্টেট ইনশিয়োরেন্স ফান্ড অফিস (State Insurance Fund Office)-এর থেকে কর্মীদের ক্ষতিপূরণ বিমার জন্য একটি বিমা সার্টিফিকেট। বিমা সার্টিফিকেটে সার্টিফিকেটের ধারক হিসাবে উপভোক্তা এবং কর্মী সুরক্ষা বিভাগ (Department of Consumer and Worker Protection)-এর নাম অবশ্যই থাকতে হবে এবং বিভাগের ঠিকানা অন্তর্ভুক্ত করবে: 42 Broadway, New York, NY 10004। অথবা
  - ○ নিউ ইয়র্ক স্টেট কর্মীদের ক্ষতিপূরণের বোর্ড (Workers' Compensation Board)-এর থেকে অব্যাহতির প্রত্যয়ন (Attestation of Exemption)-এর সার্টিফিকেট (কর্মীদের ক্ষতিপূরণ বিমা পাওয়ার জন্য আপনি যদি প্রয়োজনীয়তাগুলি থেকে অব্যাহতি পাওয়ার দাবি করে থাকেন)। আরও তথ্যের জন্য নিউ ইয়র্ক স্টেট কর্মীদের ক্ষতিপূরণের বোর্ডের ওয়েবসাইট www.wcb.ny.gov দেখুন।

  *গুরুত্বপূর্ণ:*

  - ○ আপনার ব্যবসা কর্মীদের ক্ষতিপূরণের অব্যাহতির জন্য আর যোগ্য না হলে আপনাকে অবশ্যই DCWP-কে কর্মীদের ক্ষতিপূরণ বিমার প্রমাণ দিতে হবে।
  - ○ নিউ ইয়র্ক স্টেট কর্মীদের ক্ষতিপূরণের কভারেজের জন্য ACORD আবেদনপত্র প্রযোজ্য প্রমাণ নয়।

- **EPA সার্টিফিকেশনের প্রমাণ এবং/অথবা স্বাক্ষরিত বিবৃতি।**
  আপনার ব্যবসা কীরকমের কাজ সম্পন্ন করে তার উপরে ভিত্তি করে আপনাকে অবশ্যই 1 অথবা 2 অথবা 3-এ প্রদত্ত প্রয়োজনীয়তাগুলি জমা করতে হবে:

  1. EPA সংস্কার, মেরামত, এবং রঙ করা (Renovation, Repair, and Painting, RRP)-র সার্টিফিকেশনের কপি **এবং** EPA সীসাযুক্ত রঙের কাজের সার্টিফিকেশন (সীসা হ্রাসের সার্টিফিকেশন (Lead Abatement certification) নামেও পরিচিত)। সার্টিফিকেটে অবশ্যই নাম, EPA সার্টিফিকেট নম্বর, এবং EPA সার্টিফিকেটের মেয়াদোত্তীর্ণ হওয়ার তারিখ থাকতে হবে।

  অথবা

2. হয় EPA RRP সার্টিফিকেশন নয়ত EPA সীসা হ্রাসের সার্টিফিকেশনের কপি **<u>এবং</u>** স্বাক্ষরিত হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টরের বিবৃতি (সংযুক্ত) যাতে নির্দেশিত হবে যে আবেদনকারী কোনরকম বাড়ির উন্নয়নের কাজ করলে তার জন্য অন্যান্য EPA সার্টিফিকেশনের দরকার নেই।

   অথবা

3. স্বাক্ষরিত হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টরের বিবৃতি (সংযুক্ত) যাতে নির্দেশিত হবে যে আবেদনকারী কোনরকম বাড়ির উন্নয়নের কাজ করলে তার জন্য উভয় EPA সার্টিফিকেশন (RRP; সীসা হ্রাস)-এর দরকার নেই।

EPA সার্টিফিকেশন সম্পর্কে আরও তথ্যের জন্য, **[epa.gov/lead](epa.gov/lead)** দেখুন।

- **DCWP ট্রাস্ট ফান্ড এনরোলমেন্ট অথবা সঠিকভাবে স্বাক্ষরিত $20,000 সিয়োরিটি বন্ডের কপি (অথবা থার্ড পার্টি বন্ড)।**

  - *আপনি আপনার ব্যবসাকে ট্রাস্ট ফান্ডের অন্তর্ভুক্ত করতে চাইলে, ট্রাস্ট ফান্ড এনরোলমেন্ট আবেদনপত্রটি (সংযুক্ত) সম্পূর্ণ করুন।* ট্রাস্ট ফান্ডের সঙ্গে যুক্ত হওয়ার মূল্য $200।

  অথবা

  - *আপনি আপনার ব্যবসাকে ট্রাস্ট ফান্ডের অন্তর্ভুক্ত না করলে, আপনাকে সঠিকভাবে স্বাক্ষরিত $20,000 সিয়োরিটি বন্ডের কপি (অথবা থার্ড পার্টি বন্ড) জমা করতে হবে।* বন্ডের কপিতে সার্টিফিকেটের ধারক হিসাবে উপভোক্তা এবং কর্মী সুরক্ষা বিভাগের নাম অবশ্যই থাকতে হবে। সমস্ত নথিতে আপনার কর্পোরেট নাম, ব্যবসায়িক (Doing-Business-As, DBA) নাম (যদি থাকে), এবং স্থানের ঠিকানা অবশ্যই একদম এক থাকতে হবে। আপনাকে বন্ডের রসিদের কপিও অবশ্যই জমা দিতে হবে যাতে উল্লিখিত **থাকবে যে বন্ডের** সম্পূর্ণ মূল্য দেওয়া হয়েছে এবং লাইসেন্সিং-এর সময়সীমার আগে তার মেয়াদ উত্তীর্ণ হবে না।

    **nyc.gov/dcwp**-তে বন্ডিং কোম্পানির তালিকা উপলব্ধ রয়েছে। "বন্ডিং কোম্পানি (bonding companies)" খুঁজুন। DCWP-তে দেওয়া তালিকাটি সম্পূর্ণ নয়, এবং DCWP কোন বিশেষ একটি বন্ডিং কোম্পানিকে অনুমোদন বা সুপারিশ করে না।

- **কন্ট্র্যাকচুয়াল কমপ্লায়েন্স এগ্রিমেন্ট (Contractual Compliance Agreement)** (সংযুক্ত)। আপনার চুক্তি আইনি প্রয়োজনীয়তাগুলি মেটাচ্ছে কিনা তা নিশ্চিত করতে **nyc.gov/BusinessToolbox**-এ উপলব্ধ কন্ট্র্যাকচুয়াল কমপ্লায়েন্স চেকলিস্ট এবং মডেল "হোম ইমপ্রুভমেন্ট এস্টিমেট অ্যান্ড ফাইনাল কন্ট্র্যাক্ট (Home Improvement Estimate and Final Contract)" দেখুন।

- **বাড়ির উন্নয়ন বিষয়ক পরীক্ষা এবং $50 পরীক্ষার মূল্য।**
  একজন একমাত্র মালিক, সাধারণ অংশীদার, কর্পোরেট অফিসার, অধ্যক্ষ, পরিচালক, সদস্য, বা কোম্পানির 10% বা তার বেশি স্টকের মালিক শেয়ারহোল্ডারকে অবশ্যই হোম ইমপ্রুভমেন্ট পরীক্ষা দেওয়ার জন্য এক্সামবিল্ডার-এর সাথে একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে হবে।

  **গুরুত্বপূর্ণ:**

  - নিম্নলিখিত ব্যক্তিদের মধ্যে কেবলমাত্র একজনকে বাড়ির উন্নয়ন বিষয়ক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে: একক মালিক, সাধারণ পার্টনার, কর্পোরেট অফিসার, প্রিন্সিপ্যাল, ডাইরেক্টর, সদস্য, অথবা কোম্পানির স্টকের 10% বা তার বেশি শেয়ার রয়েছে এমন শেয়ারহোল্ডার। *আপনাকে অবশ্যই DCWP এর সাথে নিশ্চিত করতে হবে কে পরীক্ষা নেবেন।*

- DCWP আপনার সম্পূর্ণ লাইসেন্স আবেদন প্রক্রিয়া করার 24 ঘন্টা *পরে* আপনি পরীক্ষার সময়সূচী নির্ধারণ করতে পারেন, যার মধ্যে প্রয়োজনীয় নথি এবং ফি অন্তর্ভুক্ত রয়েছে। *DCWP প্রয়োজনীয় নথিপত্র এবং অর্থপ্রদান না পাওয়া পর্যন্ত আপনি পরীক্ষার সময় নির্ধারণ করতে পারবেন না।* একবার DCWP আপনার আবেদন প্রক্রিয়াকরণ করলে, এক্সামবিল্ডার এর সিস্টেমে আপনার তথ্য উপস্থিত হতে 24 ঘন্টা সময় লাগে।
- **এক্সামবিল্ডার এর সিস্টেমে আপনার তথ্য উপস্থিত হওয়ার সময় থেকে পরীক্ষা দেওয়ার এবং পাস করার জন্য আপনার কাছে 60 দিন আছে।**
- পরীক্ষা কেন্দ্রগুলি শহরব্যাপী একাধিক স্থানে সপ্তাহের সাত দিন সকাল 9:00 টা থেকে বিকাল 5:00 টা পর্যন্ত খোলা থাকে। যখন আপনি আপনার পরীক্ষার সময়সূচী নির্ধারণ করেন তখন এক্সামবিল্ডার উপলব্ধ অবস্থানগুলি নিশ্চিত করতে পারে।
- আপনি দুটি উপায়ে পরীক্ষার সময়সূচী নির্ধারণ করতে পারেন:

  1. অনলাইনে dcaschedule.exambuilder.com। আপনার আবেদন নম্বর প্রবিষ্ট করুন, তারপর চালিয়ে যান ক্লিক করুন।
     - আপনি আপনার লাইসেন্সের আবেদন নিশ্চিতকরণ পৃষ্ঠা বা অর্থপ্রদানের রসিদে আবেদন নম্বর খুঁজে পেতে পারেন।

  2. ফোনের মাধ্যমে: (646) 974-8244
     - সপ্তাহের সাত দিন সকাল 9:30 টা থেকে বিকেল 5:30 টা পর্যন্ত গ্রাহক পরিষেবা উপলভ্য আছে।

পরীক্ষাটিতে 30টি প্রশ্ন থাকবে। উত্তীর্ণ হতে গেলে আপনাকে অবশ্যই ন্যূনতম 21টি প্রশ্নের উত্তর সঠিকভাবে দিতে হবে। মূল্য হল $50। পরীক্ষার মূল্য লাইসেন্সের মূল্যের থেকে আলাদা এবং তা ফেরতযোগ্য নয়। আপনি যদি পরীক্ষাটিতে দু'বার অনুত্তীর্ণ হন, তবে আবার পরীক্ষা দেওয়ার জন্য আপনাকে অবশ্যই পরীক্ষার মূল্য দিতে হবে।

***প্রায়শই জিজ্ঞাস্য প্রশ্নাবলীর*** (***FAQs***)জন্য **nyc.gov/BusinessToolbox** এ যান*:* পরীক্ষার প্রস্তুতিতে আপনাকে সাহায্য করার জন্য ***পরীক্ষা*** এবং একটি ***হোম ইমপ্রুভমেন্ট পরীক্ষার নির্দেশিকা।***

- **আঙুলের ছাপ এবং প্রক্রিয়াকরণ ফি।**
  সমস্ত একক মালিক, সাধারণ অংশীদার, কর্পোরেট অফিসার, অধ্যক্ষ, পরিচালক, সদস্য এবং কোম্পানির 10% এর বেশি স্টকের মালিক সকল শেয়ারহোল্ডারদের অবশ্যই আঙুলের ছাপ নেওয়ার জন্য IdentoGO এর সাথে একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে হবে:

  - **https://uenroll.identogo.com** দেখুন
  - প্রবিষ্ট করুন:
    1. **পরিষেবা কোড।** 1585BH লিখুন
    2. **এজেন্সি আইডি।** শুধুমাত্র আবেদন নম্বর থেকে নম্বর লিখুন। আপনি যখন অনলাইনে আবেদন করেন তখন আবেদন নম্বর আপনার রসিদ বা নিশ্চিতকরণ পত্রে থাকে। *উদাহরণ: আবেদনে নম্বর 1234567-2023-AHIC এর জন্য, এজেন্সি ID হিসাবে শুধুমাত্র 12345672023 লিখুন।*
  - নির্দেশাবলী অনুসরণ করুন এবং প্রয়োজনীয় ফি প্রদান করুন।

*গুরুত্বপূর্ণ:*

- যদি কারো আঙ্গুলের ছাপ নেওয়ার প্রয়োজন হয় এই প্রয়োজনীয়তাটি সম্পূর্ণ করার জন্য যত তাড়াতাড়ি সম্ভব একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করা উচিত।

- **প্রযোজ্য হলে, কাজ করার ক্ষমতাপ্রদানের বিবৃতি (Granting Authority to Act Affirmation)** (সংযুক্ত)।
  এটি প্রয়োজন যদি লাইসেন্সের আবেদনকারীর বদলে অন্য কেউ এই আবেদনপত্রটি প্রস্তুত করে ও জমা দেয়।

  *দ্রষ্টব্য:* আবেদনকারীকে লাইসেন্সের আবেদন এবং সংশ্লিষ্ট সকল আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে।

- **লাইসেন্সের মূল্য।**

| **লাইসেন্সের সময়সীমা:**<br>2 বছর | **মেয়াদোত্তীর্ণ হওয়ার তারিখ:**<br>28শে ফেব্রুয়ারী বিজোড় বছর | **লাইসেন্সের মূল্য:** | |
|---|---|---|---|
| **আপনি যদি আপনার আবেদন এই তারিখের মধ্যে জমা করেন:** | | **বিকল্প 1** | **বিকল্প 2** |
| একটি বিজোড় বছরের 1লা মার্চ থেকে একটি বিজোড় বছরের 31শে আগাস্ট পর্যন্ত | | এমন লাইসেন্স যার মেয়াদ পরবর্তী বিজোড় বছরের 28শে ফেব্রুয়ারি শেষ হবে তার জন্য **$100** প্রদান করুন। *(সর্বাধিক 24 মাসের জন্য বৈধ।)* | |
| একটি বিজোড় বছরের 1লা সেপ্টেম্বর থেকে একটি জোড় বছরের 28 বা 29শে ফেব্রুয়ারি পর্যন্ত | | এমন লাইসেন্স যার মেয়াদ নিকটবর্তী বিজোড় বছরের 28শে ফেব্রুয়ারি শেষ হবে তার জন্য **$75** প্রদান করুন। *(সর্বাধিক 18 মাসের জন্য বৈধ।)* | |
| একটি জোড় বছরের 1লা মার্চ থেকে একটি জোড় বছরের 31শে আগাস্ট পর্যন্ত | | এমন লাইসেন্স যার মেয়াদ নিকটবর্তী বিজোড় বছরের 28শে ফেব্রুয়ারি শেষ হবে তার জন্য **$50** প্রদান করুন। *(সর্বাধিক 12 মাসের জন্য বৈধ।)* | |
| একটি জোড় বছরের 1লা সেপ্টেম্বর থেকে একটি বিজোড় বছরের 28শে ফেব্রুয়ারি পর্যন্ত | | এমন লাইসেন্স যার মেয়াদ নিকটবর্তী বিজোড় বছরের 28শে ফেব্রুয়ারি শেষ হবে তার জন্য **$25** প্রদান করুন। *(সর্বাধিক 6 মাসের জন্য বৈধ।)* | এমন লাইসেন্স যার মেয়াদ পরবর্তী বিজোড় বছরের 28শে ফেব্রুয়ারি শেষ হবে তার জন্য **$125** প্রদান করুন। *(সর্বাধিক 30 মাসের জন্য বৈধ।)* |

অর্থ প্রদানের মাধ্যম:

- DCWP-কে প্রদেয় চেক অথবা মানি অর্ডার। *(সশরীরে)*

- ক্রেডিট কার্ড (কেবলমাত্র ভিসা, মাস্টারকার্ড, আমেরিকান এক্সপ্রেস, ডিসকভার কার্ড)। আপনার থেকে একটি ফেরতের অযোগ্য কনভেনিয়েন্স মূল্য নেওয়া হবে। *(সশরীরে বা অনলাইনে)*

## হোম ইমপ্রভমেন্ট কন্ট্র্যাক্টরদের জন্য অতিরিক্ত সংস্থানসমূহ

- **বাড়ির উন্নয়ন বিষয়ক পরীক্ষার সহায়িকার জন্য nyc.gov/BusinessToolbox** দেখুন।
- আপনার ব্যবসাকে প্রভাবিত করতে পারে এমন আইন এবং নিয়মাবলী দেখার জন্য **nyc.gov/BusinessToolbox** দেখুন।
- **পরিদর্শনের চেকলিস্টের** জন্য**: হোম ইমপ্রভমেন্ট কন্ট্র্যাক্টর, nyc.gov/BusinessToolbox দেখুন।**
- **DCWP-**এর **হোম ইমপ্রুভমেন্ট এস্টিমেট এবং ফাইনাল কন্ট্র্যাক্ট-**এর জন্য **nyc.gov/BusinessToolbox** দেখুন।
- আপনার ব্যবসা খোলা, চালানো, এবং বাড়ানোয় উপকারি সংস্থানগুলির জন্য **nyc.gov/business** দেখুন।
- **বয়স্কদের বাড়ি "বয়সের সহায়ক" করে তোলার উপায়গুলি জানুন**
  DCWP এবং বার্ধক্যের জন্য বিভাগ (Department for the Aging)-এর দ্বারা তৈরি, এই প্রচারপত্রটি বয়স্কদের সঙ্গে কাজ করা, বাড়িকে বয়সের সহায়ক করে তোলার উপায়, এবং বয়স্কদের পরিবেশ-বান্ধব হয়ে ওঠায় সাহায্য করার বিষয়ে কন্ট্র্যাক্টরদের জানায়। **nyc.gov/BusinessToolbox** দেখুন।